# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৮ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. ► সোনিয়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ে যে বিষয়টিতে ভর্তি হয়েছে সে বিষয়টি ষাটের দশকে এই বিশ্ববিদ্যালয়ে স্বতন্ত্র বিভাগ হিসেবে প্রতিষ্ঠিত হয়। এই বিষয়টি পড়তে গিয়ে সোনিয়া জানতে পারে, শিক্ষার এমন কোনো শাখা নেই যেখানে উক্ত বিষয়টি পাঠ করা হয় না। সমাজে বসবাসকারী প্রতিটি মানুষের উক্ত বিষয়টি সম্পর্কে জ্ঞান থাকা প্রয়োজন।

ক. 'Utopia' গ্রন্থটির রচয়িতা কে? — ১

খ. উপাদানের ভিত্তিতে সংস্কৃতি কত প্রকার ও কী কী? উদাহরণসহ বর্ণনা দাও। — ২

গ. উদ্দীপকের সোনিয়া যে বিষয়টিতে ভর্তি হয়েছে, বাংলাদেশে তার বিকাশের ধারা ব্যাখ্যা করো। — ৩

ঘ. উক্ত বিষয়টি সম্পর্কে সমাজে বসবাসকারী প্রতিটি মানুষের জ্ঞান থাকা প্রয়োজন কেন? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। — ৪

২. ► টিভিতে পহেলা বৈশাখের বিভিন্ন অনুষ্ঠান দেখে চপল তার মাকে এ সম্পর্কে জিজ্ঞাসা করল। মা বললেন এগুলো আমাদের ঐতিহ্য, রীতিনীতি ও প্রথা। এ বিষয়গুলো একটি প্রত্যয়ের অন্তর্ভুক্ত। তিনি আরও বলেন, শুধু এই বিষয় নয়, আমাদের গোটা জীবনধারাই উক্ত প্রত্যয়ের অন্তর্ভুক্ত।

ক. কোন প্রত্যয়টিকে বিভিন্ন মনীষীগণ বিভিন্নভাবে ব্যবহার করেছেন? — ১

খ. লোকসাহিত্য বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। — ২

গ. উদ্দীপকে কোন প্রত্যয়ের পরিচয় ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। — ৩

ঘ. উপাদানের ভিত্তিতে উক্ত প্রত্যয়ের শ্রেণিবিভাগ আলোচনা করো। — ৪

https://teachingbd24.com

৩. ▶

প্রত্নতাত্ত্বিক যুগ সম্পর্কে দেয়া তথ্য

| যুগ-ক | যুগ-খ |
|---|---|
| প্রধান আবিষ্কার হচ্ছে পশুপালন ও কৃষি। খ্রি:পূ: ৭০০০ অব্দের পূর্বেই সূচনা | উৎপাদন ব্যবস্থায় যন্ত্রশক্তির ব্যবহার। নগর সভ্যতার উদ্ভব। আনুমানিক খ্রি:পূ: ১৫০০ অব্দে এর সূচনা |

ক. 'Archaeology is the study of remains of the past' কে বলেছেন? ১

খ. প্রত্নতাত্ত্বিকদের সময়কাল নিরূপণ পদ্ধতিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'যুগ-ক' অংশের যুগটি শনাক্ত করে ঐ সমাজের বিভিন্ন বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. মানব সভ্যতার বিকাশে 'যুগ-খ' অংশে ইঙ্গিতকৃত যুগটির অবদান মূল্যায়ন করো। ৪

৪. ▶ বাংলাদেশে অনেক উপজাতি বাস করে। অঞ্চলভেদে উপজাতিদের সাংস্কৃতিক পরিচয় ভিন্ন। এমন একটি উপজাতি রয়েছে যার পূর্বপুরুষ পাখাংবা। এদের পোশাক 'নাগপোশাক'। এদের প্রধান খাদ্য ভাত এবং এরা নিরামিষভোজী।

ক. সাঁওতালরা কোন অঞ্চলে বাস করে? ১

খ. 'আনাম' কী ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন উপজাতির ইঙ্গিত করা হয়েছে? তাদের নৃগোষ্ঠীগত পরিচয় পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত উপজাতি, পরিবার ও বিবাহের সাথে গারো উপজাতির বিবাহ ও পরিবার ব্যবস্থার সাথে কি কোনো পার্থক্য রয়েছে বলে তুমি মনে করো? তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

৫. ▶ জনাব 'ক' তার স্বদেশকে মুক্ত করার জন্য সকলের প্রতি উদাত্ত আহ্বান জানান। তার এ আহ্বানে আপামর জনসাধারণ সাড়া দেওয়ায় দেশের শত্রুমুক্ত হয় এবং নতুন একটি স্বাধীন দেশের অভ্যুদয় ঘটে।

ক. ইংরেজ শাসকদের বিমাতাসুলভ আচরণের ফলে কোন সম্প্রদায় পিছিয়ে পড়ে? ১

খ. 'আগরতলা ষড়যন্ত্র' কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ঘটনাটির আলোকে পাঠ্যবইয়ের যে বিষয়টির সামঞ্জস্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত ঘটনায় জনাব 'ক' এর ভূমিকা বিশ্লেষণ করো। ৪

teachingbd24.com

৬.▶ রাইমার বাবা তাকে গল্প করার ছলে বললেন, প্রতিটি মানুষই একটি সংগঠনে বাস করে। উক্ত সংগঠনটি কেবল গোষ্ঠী জীবনেরই প্রাথমিক স্তর নয়, সামাজিকতা ও সংস্কৃতি শিক্ষারও প্রাথমিক স্তর। এটি সংঘবদ্ধ সমাজজীবনের প্রধান উপাদান। সমাজবিজ্ঞানী বটোমোর সংগঠনটিকে একটি সার্বজনীন সামাজিক উপাদান বলে মন্তব্য করেছেন। আর ম্যাকাইভার এটিকে সমাজের সর্বোপরি মূল্যবান প্রাথমিক দল বলে অভিহিত করেছেন।

ক. বন্দোবস্ত বিবাহ কী? ১

খ. তথ্য ও প্রযুক্তির বিকাশ সামাজিক যোগাযোগের ক্ষেত্রে কীরূপ ভূমিকা রাখছে? ২

গ. উদ্দীপকে বর্ণিত সংগঠনটি সমাজজীবনের কীরূপ সংগঠনকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সংগঠনটি সমাজসংস্কারের মূল ভিত্তি- তুমি কি বক্তব্যটি সমর্থন করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ সম্প্রতি বাংলাদেশের বিভিন্ন শ্রেণিতে পাঠক্রমে পরিবর্তন করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, জীবন ও কর্মমুখী শিক্ষা ইত্যাদি বিষয় ষষ্ঠ শ্রেণি থেকে অন্তর্ভুক্ত করা হয়েছে। নবম-দশম শ্রেণিতে শারীরিক শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে।

ক. তথ্যপ্রযুক্তি কী? ১

খ. বিশ্বায়ন কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপক দ্বারা বাংলাদেশের কোন ক্ষেত্রের পরিবর্তনকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত ক্ষেত্রে আরও যেসব পরিবর্তন এসেছে সেগুলো বিশ্লেষণ করো। ৪

৮.▶ বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল থেকে সুফিয়া নামক একটি মেয়েকে ঢাকায় আনা হয়। গ্রামের মেয়ে হিসেবে সুফিয়া খুব সহজ সরল এবং নিরক্ষর। সংসারের যাবতীয় কাজ সে অত্যন্ত দক্ষতার সাথে সম্পাদন করে। পরিবারের সবাই মিলে তাকে অক্ষর জানানোর জন্যে কতকগুলো ছবিময় বই কিনে দিলে সে অল্পদিনের মধ্যেই অক্ষরজ্ঞান সম্পর্কে ধারণা লাভ করে। তীব্র চেষ্টায় যে অনেক কিছু অর্জন করা যায় সুফিয়া তার প্রকৃষ্ট উদাহরণ।

ক. বাল্যবিবাহ কী? ১

খ. জনসংখ্যা নিয়ন্ত্রণের মাধ্যমে কীভাবে নিরক্ষরতার প্রতিকার করা যায়? ২

গ. সুফিয়ার নিরক্ষর থাকার পিছনে কোন কারণগুলো বিদ্যমান ব্যাখ্যা করো। ৩

ঘ. সুফিয়ার মতো মেয়েদের নিরক্ষরতা দূরীকরণে তোমার পদক্ষেপগুলো বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৯. ▶ ঘটনা-১ সোমা একটি বেসরকারি সংস্থায় কর্মরত। প্রায়ই তার অফিসের সহকর্মীদের অশ্লীল মন্তব্য, অনাকাঙ্ক্ষিত আচরণ ইত্যাদির কারণে এমন বিব্রতকর অবস্থার মুখোমুখি হয় যে, ইদানীং তার চাকরি ছেড়ে দিতে ইচ্ছে করে।
ঘটনা-২ নবম শ্রেণিতে পড়ুয়া নোভা স্কুলে যাওয়ার জন্য বাসা থেকে বের হওয়ার পরপরই একটি ছেলে তার পিছু নেয় এবং অশ্লীল কথাবার্তা বলে। এরূপ অবস্থার প্রেক্ষিতে তাকে লেখাপড়া ছেড়ে দিতে হয়।

ক. পূর্ণ বেকারত্ব কী? ১

খ. রাজনৈতিক অস্থিতিশীলতাকে বেকারত্বের কারণ হিসেবে দায়ী করা হয় কেন? ২

গ. ঘটনা-২ বাংলাদেশের কোন সামাজিক সমস্যাকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ঘটনা-১ ও ঘটনা-২ সমাজ থেকে নিরসন করার জন্য তুমি কী কী সুপারিশ করবে? ব্যাখ্যা করো। ৪

১০. ▶ তমাল ও রাকিব দুই বন্ধু বিশ্ববিদ্যালয়ের লেখাপড়া শেষে দুটি আলাদা সংস্থায় চাকরি নিয়েছে। তমালের সংস্থাটি সাধারণ জনগণের কাছে দায়বদ্ধ থাকলেও রাকিবের সংস্থা এমনটি নয়। এটি বৈদেশিক সাহায্য দাতাদের নিকট দায়বদ্ধ থেকে কাজ করে।

ক. বিআরডিবি এর পূর্ণরূপ কী? ১

খ. বেসরকারি সংস্থা বলতে কী বোঝায়? ২

গ. তমালের সংস্থাটির প্রকৃতি নিরূপণ করো। ৩

ঘ. রাকিব যে ধরনের সংস্থায় কাজ করছে তার স্বরূপ বিশ্লেষণ করো। ৪

১১. ▶ সমাজবিজ্ঞানের শিক্ষক আরমান হক সামাজিক উন্নয়ন সংক্রান্ত এক সেমিনারে বলেন, যেকোনো দেশের সামাজিক উন্নয়নের জন্য সরকারের উদ্যোগের পাশাপাশি ব্যক্তি বা গোষ্ঠীর ভূমিকাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আরও বলেন, জনগণের জীবনযাত্রার মানের পরিবর্তনের জন্য উভয়ের একত্রে কাজ করার কোনো বিকল্প নেই। কেননা সরকারের একার পক্ষে যেমন সকল উন্নয়নমূলক কর্মকাণ্ড বাস্তবায়ন করা সম্ভব নয়; তেমনি ব্যক্তি বা গোষ্ঠীর উদ্যোগেও তা অসম্ভব।

ক. কত সালে ব্র্যাক প্রতিষ্ঠিত হয়? ১

খ. গ্রামীণ উন্নয়ন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে যেসব সংস্থার পরিচয় ফুটে উঠেছে তাদের সমন্বয়ের পূর্বশর্তসমূহ ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সংস্থাসমূহের সমন্বয়ের সুবিধাসমূহ বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ১ ৮

## বহুনির্বাচনি প্রশ্ন

সময়- ৩০ মিনিট

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. উয়ারী বটেশ্বর কোন জেলায় অবস্থিত?

ক) ময়মনসিংহ খ) নরসিংদী

গ) বগুড়া ঘ) রাজশাহী

২. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?

ক) পদ্মা খ) যমুনা

গ) করতোয়া ঘ) আত্রাই

৩. মধ্য প্রাচীন প্রস্তর যুগের বৈশিষ্ট্য কোনটি?

ক) হেইডেলবার্গ মানব

খ) জাভা মানব

গ) ক্রোমাগনন

ঘ) নিয়ানডারথাল

৪. চাকার আবিষ্কার হয় কোন যুগে?

ক) নব্যপ্রস্তর যুগে

খ) ব্রোঞ্জ যুগে

গ) তাম্র যুগে

ঘ) প্রাচীন যুগে

৫. 'প্রত্নতত্ত্ব হচ্ছে অতীতের ধ্বংসাবশেষ সম্পর্কিত পাঠ বা গবেষণা' কে বলেছেন?

ক) B. Malinowski

খ) E.B.Tylor

গ) L. H. Morgan

ঘ) W. F. Ogburn

৬. সাংস্কৃতিক ব্যবধান তত্ত্বটি কে দিয়েছেন?

ক) অগবার্ন

খ) টেইলর

গ) ম্যানহেইম

ঘ) ম্যাকাইভার

৭. 'আমরা যা তাই আমাদের সংস্কৃতি' উক্তিটি কার?

ক) Marx খ) Durkheim

গ) MacIver ঘ) Tylor

৮. 'Society' গ্রন্থটি কার?

ক) MacIver খ) Durkheim

গ) Marx ঘ) Morgan

৯. আইন-ই-আকবরী গ্রন্থটি কার?

ক) আবুল ফজল

খ) আল বেরুনী

গ) কৌটিল্য

ঘ) ইবনে খালদুন

১০. ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান খোলা হয় কোন সালে?

ক) ১৯২১ খ) ১৯৫৭

গ) ১৮৫৭ ঘ) ১৭৫৭

নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:

গুলশানে হলি আর্টিজান রেস্টুরেন্টে সন্ত্রাসী হামলায় বিদেশী কয়েকজন বায়ার নিহত হওয়ায় আমাদের গার্মেন্টসগুলোতে বিদেশীদের উপস্থিতি কমে গেছে। অনেক গার্মেন্টস লোকসানের মধ্যে দিয়ে যাচ্ছে। ফলে বিপুল সংখ্যক শ্রমিক ছাটাই করায় বেকার হয়ে শ্রমিকরা মানবেতর জীবনযাপন করছে।

১১. উদ্দীপকের অনুরূপ বেকারত্বকে কী বলা যায়?

ক) আকস্মিক বেকারত্ব

খ) প্রযুক্তিজনিত বেকারত্ব

গ) বাণিজ্য চক্রজনিত বেকারত্ব

ঘ) মৌসুমি বেকারত্ব

১২. উদ্দীপকের অনুরূপ বেকারত্বের ফলে সমাজে—

i. আত্মহত্যার প্রবণতা বাড়তে পারে

ii. বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে

iii. উৎপাদিত পণ্যের দাম কমাতে পারে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. কার মতে, সংস্কৃতির বস্তুগত দিকটি নির্ভরশীল দিকটিকে পেছনে ফেলে দেয়?

ক) শেফার খ) স্পেন্সার

গ) অগবার্ন ঘ) ডুর্খেইম

১৪. সমাজের ভিত্তি কোনটি?

ক) বিবাহ খ) পরিবার

গ) সংঘবদ্ধতা ঘ) রীতি-নীতি

১৫. The History fo Human Marriage গ্রন্থটি কার?

ক) Westarmarke

খ) B. Malinowski

গ) Hoebel

ঘ) Rivers

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. কত সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান পাঠ শুরু হয়?
ক) ১৯১৭ খ) ১৯১৯
গ) ১৯২১ ঘ) ১৯৫৭

১৭. অগাস্ট কোঁৎকে সমাজবিজ্ঞানের জনক বলার কারণ হলো—
ক) সমাজবিজ্ঞানের ক্ষেত্রে অবদানের জন্য
খ) সমাজবিজ্ঞানের ক্ষেত্রে উৎসাহব্যঞ্জক অনুপ্রেরণার জন্য
গ) সমাজবিজ্ঞানকে শ্রেষ্ঠত্ব দানের জন্য
ঘ) সমাজবিজ্ঞানকে স্বতন্ত্র বিজ্ঞানপ্রমাণ করার জন্য

১৮.
আবুল ফজল
→ আইন-ই-আকবরী
→ ?

'?' চিহ্নিত স্থানে নিচের কোনটি প্রযোজ্য?
ক) অর্থশাস্ত্র
খ) কামসূত্র
গ) দি প্রিন্স
ঘ) আকবরনামা

১৯. পাকিস্তানিরা পূর্ব বাংলার সংস্কৃতির ওপর আঘাত হেনেছিল কেন?
ক) বাঙালি সংস্কৃতিকে ধ্বংস করতে
খ) উর্দু ভাষাকে প্রাধান্য দিতে
গ) বাঙালিকে দমিয়ে রাখতে
ঘ) বিশ্ব জনমতের চাপে পড়ে

নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:
পাকিস্তান সৃষ্টির পর জনাব আসলাম প্রতিষ্ঠিত ভাষাটিকে মানতে রাজি হন নি। অথচ প্রশাসনের প্রতিটি পরতে পরতে এই ভাষাটির উল্লেখযোগ্য ব্যবহার শুরু হয়।

২০. কোন ভাষাটিতে জনাব আসলামের আপত্তি ছিল?
ক) বাংলা খ) উর্দু
গ) ইংরেজি ঘ) মারাঠী

২১. উদ্দীপকে যে ভাষাটির প্রতি ইঙ্গিত করা হয়েছে সে ভাষাটি ব্যবহৃত হতো—
i. মানি অর্ডার ফর্মে
ii. ডাক টিকিটে
iii. মুদ্রায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. চাকমা ও সাঁওতালদের মধ্যকার বৈসাদৃশ্যসমূহ হলো—
i. উভয়ের অর্থনীতি কৃষির ওপর নির্ভরশীল
ii. বহির্গোত্র বিবাহ প্রচলিত রয়েছে
iii. এরা সাধারণত দেবদেবীর পূজা করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. ককেশয়েড নরগোষ্ঠী বেশি পরিলক্ষিত হয়—
ক) যুক্তরাজ্যে খ) ভারতে
গ) বাংলাদেশে ঘ) জাপানে

২৪. মণিপুরিদের নিজস্ব ভাষার নাম কী?
ক) মনিপুরি খ) মান্দি
গ) মেথেয়ী ঘ) বিষ্ণু

২৫. পুন্ড্রনগর কোথায় অবস্থিত?
ক) মহাস্থানগড়ে খ) পাহাড়পুরে
গ) ময়নামতিতে ঘ) উয়ারি বটেশ্বরে

২৬. পাথরের যুগের কোন সময়কালকে নির্দেশ করে?
ক) মধ্য পাথরের যুগ খ) উচ্চ পাথরের যুগ
গ) নতুন পাথরের যুগ ঘ) লৌহ যুগ

২৭. মধ্যপ্রাচ্যে লৌহ যুগ প্রচলিত হয় কত খ্রিষ্টপূর্ব অব্দে?
ক) ৫০০ খ) ১,০০০
গ) ১,৫০০ ঘ) ২,০০০

২৮. সংস্কৃতি ধ্বংস করা যায় না কেন?
ক) এগুলো কঠিন বলে
খ) এগুলো মূর্ত বলে
গ) এগুলো বিমূর্ত বলে
ঘ) এগুলো বাহ্যিক উপাদান দ্বারা তৈরি বলে

২৯. সংস্কৃতির অসম অগ্রগতি তত্ত্বটি কে প্রদান করেন?
ক) অগবার্ন খ) ম্যাকাইভার
গ) ডুর্খেইম ঘ) ম্যাক্স ওয়েবার

৩০. সংস্কৃতির স্বাক্ষর বহন করে কোনটি?
ক) প্রথাগত সংস্কৃতি খ) ঐতিহ্যগত সংস্কৃতি
গ) বস্তুগত সংস্কৃতি ঘ) অবস্তুগত সংস্কৃতি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

Teachingbd24.com

https://teachingbd24.com